দৈনিক বাংলা

তারিখ ... 16 APR 1994 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

23

গুরুদয়াল কলেজে প্রধান বিচারপতি

# শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার মূলে রয়েছে ছাত্র রাজনীতি

নিজস্ব সংবাদদাতা : কিশোরগঞ্জ, ১৫ এপ্রিল।—বাংলাদেশের প্রধান বিচারপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, আজকাল কলহ-বিবাদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রায়ই বন্ধ থাকে। ছাত্ররা রাজনীতিতে জড়িত হলে এই অবস্থার সৃষ্টি হয়। সকল শিক্ষা প্রতিষ্ঠান জ্ঞানার্জনে ব্যবহৃত হবে এটাই সবার কাম্য। তিনি বৃহস্পতিবার দুপুরে সরকারী গুরুদয়াল কলেজের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে ভাষণদানকালে একথা বলেন।

সরকারী গুরুদয়াল কলেজের এককালের কৃতী ছাত্র বিচারপতি আহমদ আরো বলেন, দ্বিতীয় মহাযুদ্ধে পরাজিত জাপান ধ্বংসস্তূপ থেকে উঠে জ্ঞানবিজ্ঞানবলে আজ পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ অর্থনৈতিক শক্তি হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। আর জনসংখ্যা বৃদ্ধি হয়েছে। আর জনসংখ্যা বৃদ্ধি ছাড়া অন্য ৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ

## শিক্ষা প্রতিষ্ঠান

(প্রথম পৃষ্ঠার পর)

কোন ক্ষেত্রে আমাদের উন্নতি হয়নি। তিনি বলেন, প্রকৃত শিক্ষা, ঐকান্তিক প্রচেষ্টা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে আমরাও আমাদের হতদরিদ্র অবস্থার পরিবর্তন করতে পারি।

কলেজের অধ্যক্ষ মোকাররম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মেজর (অবঃ) আখতারুজ্জামান এমপি ও এডভোকেট আবদুল হামিদ এমপি প্রমুখ।